অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/27/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো চলমান COVID-19 মহামারীর মধ্যে, জ্যাকব কেজাভিটস কনভেনশন সেন্টারে প্রথম 1,000-শয্যা সংবলিত অস্থায়ী হাসপাতালের সমাপ্তি ঘোষণা করেন

গভর্নর নির্মাণাধীন আরও চারটি সাইটের উপরে অস্থায়ী হাসপাতালের জন্য অতিরিক্ত সাইট নির্বাচন ঘোষণা করেন; তিনি প্রেসিডেন্ট ট্রাম্পকে অবিলম্বে সাইট অনুমোদনের জন্য অনুরোধ করেছেন যাতে নির্মাণ কাজ দ্রুত শুরু করা যায়

স্টেটব্যাপী 15 এপ্রিল পর্যন্ত অতিরিক্ত আরও দুই সপ্তাহ স্কুল বন্ধ কার্যক্রমের সম্প্রসারণের ঘোষণা করেন

COVID-19 মহামারীর কারণে আর্থিক কষ্টের সম্মুখীন ভোক্তাদের 90 দিনের জন্য জীবন বিমা প্রিমিয়াম পরিশোধ স্থগিত করা হয়েছে

ভোক্তা ও ক্ষুদ্র ব্যবসায়ীরা 60 দিনের জন্য সম্পত্তি ও হতাহত বিমার প্রিমিয়াম পরিশোধ থেকে বিরত থাকতে পারবে

স্বাস্থ্য বিমা ছাড়া যে সকল নিউ ইয়র্ক অধিবাসী আছেন তাদের এখন নিউ ইয়র্ক স্টেট অব হেলথ (NY State of Health) এর মাধ্যমে আবেদন করা উচিত; আপনি যদি নিয়োগকর্তা কভারেজ হারান, আপনাকে অবশ্যই সেই কভারেজ হারানোর 60 দিনের মধ্যে আবেদন করতে হবে; আয়ের ক্ষতির কারণে নিউ ইয়র্কবাসী মেডিকেইড (Medicaid), এসেনশিয়াল প্ল্যান (Essential Plan) বা চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus) পাওয়ার যোগ্য

গতকাল থেকে স্টেটের সার্জ হেলথকেয়ার ফোর্সের অংশ হিসেবে বাড়তি 10,000 স্বাস্থ্য কর্মী স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে স্বাক্ষর করেছেন - যা স্বেচ্ছাসেবীদের মোট সংখ্যাকে 62,000-এ উন্নীত করেছে

মানসিক স্বাস্থ্য স্বেচ্ছাসেবকের সংখ্যা আরও 1,400-এর বেশি যুক্ত হওয়ার ফলে মোট 10,000 জন স্বেচ্ছাসেবকে উন্নীত হয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আরও 7,377টি করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 44,635-তে উন্নীত করেছে; 39টি কাউন্টিতে নতুনভাবে আক্রান্ত রোগী শনাক্ত করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, জেকব কে জাভিটাস কনভেনশন সেন্টারে (Jacob K. Javits Convention Center) এখন প্রথম 1,000-শয্যা সংবলিত অস্থায়ী হাসপাতাল নির্মাণ সম্পূর্ণ হলো। এই অস্থায়ী হাসপাতাল সাইটটি গভর্নরের লক্ষ্যের অংশ হিসেবে প্রতিটি নিউ ইয়র্ক বরো এবং ওয়েস্টচেস্টার, রকল্যান্ড, নাসাউ এবং সাফোক কাউন্টি থেকে আগত 1,000-প্লাস রোগীর চিকিৎসা সুবিধা দিতে পারবে।

গভর্নর কুওমো একই সাথে ঘোষণা দিয়েছেন যে স্টেট এবং আর্মি কর্প অব ইঞ্জিনিয়ার্স মিলিতভাবে ঘুরে এসে অস্থায়ী হাসপাতালের জন্য চারটি নতুন সাইট চিহ্নিত করেছে যেগুলো আর্মি কর্পস অব ইঞ্জিনিয়ার্স দ্বারা নির্মিত হবে- যার মধ্যে আছে ব্রুকলিন ক্রুজ টার্মিনাল, কুইন্স এর এক্যুয়িডাক্ট রেসট্র্যাক ফ্যাসিলিটি, CUNY স্ট্যাটেন আইল্যান্ড এবং ব্রঙ্কস-এর নিউ ইয়র্ক এক্সপো সেন্টার- যার ফলে স্টেটের ধারণক্ষমতার সাথে আরো অতিরিক্ত 4,000 শয্যা যোগ হবে। গভর্নর প্রেসিডেন্ট ট্রাম্পকে অবিলম্বে এসব সাইট অনুমোদনের জন্য অনুরোধ করছেন যেন নির্মাণকাজ দ্রুত শুরু করা যায়।

এই অস্থায়ী হাসপাতাল সাইটগুলো জাভিটস সেন্টার এবং SUNY স্টোনি ব্রুক, SUNY ওল্ড ওয়েস্টবারি এবং ওয়েস্টচেস্টার কনভেনসন সেন্টারে নির্মানাধীন হাসপাতালসমূহ গভর্ণরের পরিকল্পনার অংশ যেন হাজার হাজার নতুন শয্যা স্থাপনের মাধ্যমে হাসপাতালের সক্ষমতা বাড়ানো যায়, যেগুলো রোগীদের জন্য এপ্রিলের শুরু বা মাঝের দিকে চালু করার পরিকল্পনা আছে। এছাড়াও, এই স্টেট কলেজ আবাসস্থল এবং ডাউনস্টেট অঞ্চল জুড়ে হোটেল প্রস্তুত করছে, এবং জরুরি শয্যা স্থান হিসেবে কাজ করার জন্য নার্সিং হোম এবং অন্যান্য সুবিধা চিহ্নিত করছে।

গভর্নর আরও ঘোষণা করেন যে, নিউ ইয়র্ক স্টেটের সকল স্কুলকে 15 এপ্রিল পর্যন্ত অতিরিক্ত দুই সপ্তাহ বন্ধ থাকতে হবে কারণ আমরা এই অসাধারণ স্কুল বছরের জন্য এরূপ নির্দেশনামূলক সময়ে স্টেট জুড়ে দৃঢ়তা এবং অভিন্নতা নিশ্চিত করতে চাই। স্কুলগুলোকে চাইল্ড কেয়ার, খাবার ও দূরশিক্ষা কর্মসূচি চালিয়ে যেতে হবে এবং স্টেট 15 এপ্রিল পর্যন্ত 180 দিনের ওয়েভার সম্প্রসারিত করবে।

গভর্নর আরও ঘোষণা করেন যে, COVID-19 মহামারীর কারণে আর্থিক কষ্টের সম্মুখীন ভোক্তাদের 90 দিনের জন্য জীবন বিমা প্রিমিয়াম পরিশোধ করতে হবে না। কোনো দেরি ফি নির্ধারণ করা হবে না এবং এই সময়ের মধ্যে ক্রেডিট ব্যুরোর কাছে কোনো নেতিবাচক তথ্য জানানো হবে না এবং এক বছরের মেয়াদে লেট পেমেন্ট প্রদেয় হবে। LICONY বা নিউ ইয়র্কের জীবন বিমা কাউন্সিল (Life Insurance Council of New York), যা 80 শতাংশ জীবন বিমা শিল্পের প্রতিনিধিত্ব করে, তারা এসব পদক্ষেপে সম্মত হয়েছে।

ভোক্তাদের এবং ছোট ব্যবসায়ী যারা COVID-19 এর কারণে আর্থিক কষ্টের সম্মুখীন হচ্ছেন, তারা অটো, বাড়ির মালিক, ভাড়াটে, শ্রমিক কোম্পানি, চিকিৎসাগত অনাচার, লিভারি এবং ট্যাক্সিসহ সম্পত্তি এবং হতাহত বিমা জন্য 60 দিন সময়ের মধ্যে কোনো প্রিমিয়াম পরিশোধ করতে হবে না।

কোনো দেরি ফি নির্ধারণ করা হবে না এবং এই সময়ের মধ্যে ক্রেডিট ব্যুরোর কাছে কোনো নেতিবাচক তথ্য জানানো হবে না এবং এক বছরের মেয়াদে লেট পেমেন্ট প্রদেয় হবে।

নিউ ইয়র্ক অধিবাসী যাদের স্বাস্থ্য বিমা নাই, তারা এখন নিউ ইয়র্ক স্টেট অব হেলথ (NY State of Health) এর মাধ্যমে আবেদন করা উচিত। আপনি যদি নিয়োগকর্তা কভারেজ হারিয়ে ফেলেন, তাহলে আপনাকে সেই কভারেজ হারানোর 60 দিনের মধ্যে আবেদন করতে হবে। আয়ের ক্ষতির কারণে নিউ ইয়র্ক অধিবাসীরা মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান বা চাইল্ড হেলথ প্লাস পাওয়ার যোগ্য হতে পারে।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আরও ঘোষণা করেছেন যে গতকাল থেকে চলমান COVID-19 বৈশ্বিক মহামারীর মাঝে স্টেটের সার্জ হেলথকেয়ার ফোর্সে স্বেচ্ছাসেবক হিসেবে অংশগ্রহণ করতে অবসরপ্রাপ্ত ও শিক্ষার্থীসহ, অতিরিক্ত 10,000 জন স্বাস্থসেবা কর্মী সংযুক্ত হয়েছেন, যা স্বেচ্ছাকর্মীদের মোট সংখ্যাকে 62,000-এরও বেশিতে উন্নীত করে। তাছাড়া, অন্য স্টেটের ব্যক্তিবর্গসহ, বিনামূল্যে অনলাইন মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করতে 10,000-এরও অধিক মানসিক স্বাস্থ্য পেশাদারগণ এর সাথে 1,400 স্বেচ্ছাসেবক যোগদান করেছেন যারা গত দিনের ভেতরে স্বাক্ষর করেছেন। নিউ ইয়র্কবাসীরা খরচ ছাড়াই সাক্ষাতের সময়সূচি নির্ধারণের জন্য কল করতে পারবেন স্টেটের বাতায়ন (hotline) 1-844-863-9314-এ।

"প্রথম থেকেই আমাদের কৌশল ছিল সুযোগ-সুবিধার প্রসারণ করা এবং হাসপাতালের সক্ষমতা বৃদ্ধি করা," **গভর্নর কুওমো বলেন।** "আমরা এমন কিছু কাজ করছি যা আমরা আগে কখনও করিনি যেমন- যে সময় বড় ধাক্কাটি আসবে তখন বেশি হাসপাতালের শয্যা খুঁজে বের করা এবং আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সারা পৃথিবী থেকে রসদ সংগ্রহ করা। আগামী তিন থেকে চার সপ্তাহের মধ্যে অনলাইনে এই সমস্ত নতুন সুবিধা এবং শয্যা পেতে আমাদের একটি পরিকল্পনা আছে এবং এইএকই সময়রেখার মধ্যেএই মহামারী আমাদের স্টেটে চরমভাবে আঘাত হানতে পারে, তাই যখন এটি শেষ পর্যন্ত আমাদের আঘাত করবে তখন এটি সম্ভবত হাসপাতালের ধারণক্ষমতায়ও আঘাত করতে পারে। আমরা জীবন রক্ষা করার জন্য একটি রেসকিউ মিশনে আছি এবং আমি গর্বিত যে ন্যাশনাল গার্ড, স্বাস্থ্যসেবা কর্মী এবং জরুরি উদ্ধার কর্মীর সাহসী পুরুষ ও নারীর সাথে এই মিশনে কাজ করতে পারছি যারা সত্যিকার অর্থেই ঈশ্বরের কাজ করছে।"

পরিশেষে, গভর্নর আরও 7,377টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে মোট আক্রান্তের সংখ্যা 44,635-এ উন্নীত হয়েছে। মোট 44,635 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	**মোট ইতিবাচক**	**নতুন ইতিবাচক**
Albany	187	16
Allegany	2	0
Broome	18	2

Cayuga	2	0
Chautauqua	1	0
Chemung	11	4
Chenango	4	1
Clinton	11	0
Columbia	20	7
Cortland	4	2
Delaware	8	1
Dutchess	225	35
Erie	219	85
Essex	4	0
Franklin	2	1
Fulton	1	0
Genesee	6	2
Greene	6	1
Hamilton	2	0
Herkimer	9	2
Jefferson	3	0
Livingston	3	0
Madison	17	8
Monroe	160	21
Montgomery	5	0
Nassau	4,657	743
Niagara	23	9
NYC	25,398	4,005
Oneida	13	0
Onondaga	115	32
Ontario	14	3
Orange	910	159
Orleans	3	1
Oswego	4	0
Otsego	5	2
Putnam	111	17
Rensselaer	35	3
Rockland	1,457	260
Saratoga	82	9
Schenectady	66	4
Schoharie	3	1
St. Lawrence	3	1

Steuben	12	1
Suffolk	3,385	650
Sullivan	64	11
Tioga	2	0
Tompkins	26	4
Ulster	98	20
Warren	8	6
Washington	6	2
Wayne	11	3
Westchester	7,187	1,243
Wyoming	7	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন